সমকাল

তারিখ ...... 19 APR 2017
পৃষ্ঠা ...৭... কলাম ...৬......

# বিদ্যালয় আছে, রাস্তা নেই



পূর্ব শিলুয়া প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা সরু রাস্তা দিয়ে চলাচল করছে ■ সমকাল

■ ছাগলনাইয়া (ফেনী) প্রতিনিধি

ছাগলনাইয়ায় পূর্ব শিলুয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যাওয়া-আসার রাস্তা নেই। এতে কোমলমতি শিশুরা পুকুরে পড়ে আহত হওয়ারও খবর পাওয়া গেছে। কয়েকটি প্রভাবশালী পরিবার বিদ্যালয়টির চারপাশে তাদের জায়গা দাবি করে দেয়াল তৈরি করায় এই প্রতিবন্ধকতা সৃষ্টি হয়। জানা গেছে, উপজেলার পাঠাননগর ইউনিয়নের পূর্ব শিলুয়া গ্রামের কয়েকজন শিক্ষানুরাগী ১৯৮৮ সালে নিজেদের অর্থ, শ্রম এবং ৩৩ শতক জায়গা দিয়ে বিদ্যালয়টি প্রতিষ্ঠা করেন। ২০১৩ সালের ১ জানুয়ারি বর্তমান সরকার সব রেজিস্টার্ড প্রাথমিক বিদ্যালয়কে জাতীয়করণ করে।

রাস্তা বন্ধ করে সীমানা প্রাচীর নির্মাণের বিষয়ে অভিযুক্ত নুরুল আমিন মিয়া জানান, বিদ্যালয়ের জায়গাও তিনি দান করেছেন। বিদ্যালয় পুকুর ভরাট করে রাস্তা করতে পারে বলেও তিনি পরামর্শ দেন। তার জায়গায় তিনি সীমানা দেয়াল করার কথাও জানান। বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবুল বশর জানান, রাস্তার সমস্যার কারণে বিদ্যালয়ে ছাত্রছাত্রী আসা কমে গেছে। বিদ্যালয়ের সভাপতি কবির আহাম্মদ জানান, রাস্তা বন্ধ করে সীমানা প্রাচীর নির্মাণ করার সময় কেউ বাধা না দেওয়ায় এ অবস্থা হয়েছে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..........
তারিখ..........

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এস.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/অবগতার্থে

স্বাক্ষর